# বিভেদ ভুলে একসাথে আধুনিক বাংলাদেশ গড়ার আহ্বান: জামায়াত আমির



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, সব ধরনের বিভেদ ভুলে একটি ন্যায়পরায়ণ ও আধুনিক বাংলাদেশ গড়ার জন্য সবাইকে একসাথে কাজ করতে হবে। তিনি উল্লেখ করেছেন, অতীতের রেশকে নয়, ভবিষ্যতের দিকে তাকিয়ে জাতিকে বিভক্ত না করে একসাথে এগোতেই হবে।

বুধবার (২৮ জানুয়ারি) উত্তর কাফরুল হাইস্কুলে গণসংযোগকালে তিনি এসব কথা বলেন। তিনি জানান, ২০১৮ সাল থেকে এই এলাকার মানুষের সুখ-দুঃখে পাশে থেকে কাজ করে আসছেন এবং এটি তার কোনো নতুন উদ্যোগ নয়। যেহেতু তিনি এই এলাকা থেকে নির্বাচন করছেন, তাই স্থানীয় সমস্যাগুলো সমাধানে বিশেষ মনোযোগ দেবেন।

প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের উদ্দেশে তিনি বলেন, সবাই যেন শান্তিপূর্ণ, ভদ্র এবং সুশৃঙ্খলভাবে প্রচার কার্যক্রম চালায়। তিনি জনগণের ওপর আস্থা রাখার এবং ভোটের ফলাফলকে সম্মান করার আহ্বান জানান।

একই সঙ্গে তিনি এলাকার শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন কামনা করেন এবং শিশুদের উষ্ণ অভ্যর্থনায় খুশি হয়ে বলেন, এটি তার জন্য অনুপ্রেরণার উৎস।

LENS ASIA